NYC Housing Connect

আপনি সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য আবেদন করার পরে:

# চেকলিস্ট ও সম্পদ

চেকলিস্ট ও সম্পদ



## এই নির্দেশিকা সম্বন্ধে

সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য আবেদনগুলিকে একটি লটারি প্রক্রিয়ার মাধ্যমে পর্যালোচনার জন্য নির্বাচন করা হয়। যদি লটারিতে আপনার নম্বর ওঠে, এবং আপনার আবেদনটি যোগ্য বলে মনে হয়, তাহলে আপনাকে আপনার যোগ্যতা সুনিশ্চিত করার জন্য একটি অ্যাপয়েন্টমেন্টে আসতে আমন্ত্রণ জানানো হবে। আপনার আবেদনের তথ্যকে সমর্থন করে এমন নথিপত্রগুলি পর্যালোচনা করার জন্য এই অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করা হয়।

সাধারণত আবেদনের চূড়ান্ত সময়সীমার দুই থেকে দশ মাস পরে অ্যাপয়েন্টমেন্টগুলির সময়সূচি স্থির করা হয়। আপনার সঙ্গে কারা বাস করবেন, আপনি যাদের সঙ্গে বাস করবেন তারা প্রত্যেকে কত পরিমাণ অর্থ আয় করেন, আপনার বর্তমান অ্যাপার্টমেন্ট ও অন্যান্য তথ্য সম্বন্ধে আপনাকে কাগজপত্র নিয়ে আসতে বলা হবে।

যদি লটারিতে আপনার নম্বর ওঠে তাহলে এই নির্দেশিকাটি আপনাকে অ্যাপয়েন্টমেন্টের জন্য প্রস্তুত হতে সাহায্য করবে। আপনাকে যে সব কাগজপত্র নিয়ে আসতে হতে পারে সেগুলির তালিকা এতে দেওয়া আছে, এবং আপনার প্রয়োজনীয় কাগজপত্রের কপি কীভাবে খুঁজে পাবেন ও প্রস্তুত করবেন সেই বিষয়ে পরামর্শ দেওয়া আছে।

# পরিবার সংক্রান্ত কাগজপত্র

আপনার যোগ্যতা সুনিশ্চিত করতে কোনো অ্যাপয়েন্টমেন্টের জন্য যদি আপনার সঙ্গে যোগাযোগ করা হয়, তাহলে আপনাকে সেই কাগজপত্রের প্রতিলিপিগুলি নিয়ে আসতে বলা হবে যা আপনার পরিবারের মানুষদের সত্যতা প্রতিপাদন করে। আপনাকে আসল কাগজপত্র আনতে না বললে অনুগ্রহ করে তা আনবেন না। এই কাগজপত্রগুলির প্রতিলিপি ফাইলে থাকবে – আপনি এগুলি ফেরত পাবেন না।

নির্মাতা আপনাকে জানাবেন যে আপনার কোন কাগজপত্রগুলি সঙ্গে করে নিয়ে আসার প্রয়োজন। নিচের সবগুলি জিনিস প্রয়োজন হতে পারে।

আপনার কি এই নথিপত্রগুলি আছে?

## বর্তমান অ্যাপার্টমেন্ট

- ☐ আপনার বর্তমান লীজের প্রতিলিপি, যদি আপনি নিজে অ্যাপার্টমেন্ট ভাড়ায় নেন। আপনার যদি কোনো লীজ না থাকে, তাহলে আপনার বাড়িওয়ালার থেকে একটি নোটারিকৃত চিঠি।
- ☐ আপনার শেষ তিনটি (3) থেকে বারোটি (12) ভাড়ার রসিদের প্রতিলিপি বা বাতিলকৃত ভাড়ার চেক।
- ☐ আপনার সবচেয়ে সাম্প্রতিক বিদ্যুৎ ও গ্যাসের বিলের প্রতিলিপি (যা আপনার নামে আছে এবং যেখানে আপনার বর্তমান ঠিকানা আছে)।
- ☐ আপনার সবচেয়ে সাম্প্রতিক টেলিফোন বিলের প্রতিলিপি (যা আপনার নামে আছে এবং যেখানে আপনার বর্তমান ঠিকানা আছে)।
- ☐ যদি আপনি নিজে অ্যাপার্টমেন্টটি ভাড়ায় না নিয়ে থাকেন, এবং অন্য কারো সঙ্গে বসবাস করেন, তাহলে আপনার বাড়ির সঙ্গীর লীজের একটি প্রতিলিপি এবং তাদের ইউটিলিটি বিলগুলির প্রতিলিপির সঙ্গে, তার থেকে একটি নোটারিকৃত চিঠি নিয়ে আসুন।

### আমি কোথায় নথিপত্রগুলিকে নোটারি করতে পারি?

- সম্পত্তি ব্যবস্থাপনার এজেন্ট ও স্থানীয় কর ও আইন বিষয়ক অফিসগুলিতে কর্মীদের মধ্যে বেশির ভাগ ক্ষেত্রেই নোটারি থাকে।
- বেশির ভাগ ব্যাংক নথিপত্রগুলিকে নোটারি করতে সক্ষম হবে এবং তার ফী নামমাত্র।

## পরিবারের সদস্য

- ☐ পরিবারের প্রত্যেকের বার্থ সার্টিফিকেটের প্রতিলিপি।
- ☐ পরিবারের প্রত্যেক মানুষের সোশ্যাল সিকিউরিটি কার্ডের প্রতিলিপি।
- ☐ 18 বছরের বেশি বয়সী সকলের জন্য ছবিসহ ID –র প্রতিলিপি (উদাহরণ: চালকের লাইসেন্স, পাসপোর্ট, মিলিটারি ID, NYC মিউনিসিপ্যাল ID, নন-ড্রাইভার ID)
- ☐ স্কুলে পাঠরত প্রত্যেকের জন্য স্কুলের কাছ থেকে নথিভুক্তির সত্যতা প্রতিপাদনকারী চিঠির প্রতিলিপি (উদাহরণ: নিউ ইয়র্ক সিটি পাব্লিক স্কুল, বেসরকারি স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়)

## আমি কীভাবে পরিচয়ের নথিপত্রের অর্ডার দিতে পারি?

বার্থ সার্টিফিকেট
প্রক্রিয়াকরণের সময়: 2 দিন থেকে 8 সপ্তাহ | মূল্য: ~$15–$25

- নিউ ইয়র্ক সিটিতে জন্ম: নিউ ইয়র্ক সিটিতে অফিসিয়াল বার্থ সার্টিফিকেটের প্রতিলিপি অনলাইনে, NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (NYC Department of Health and Mental Hygiene) এর মাধ্যমে ডাকযোগে অর্ডার করা যায়। এগুলির মূল্য হল $15, তৎসহ $9 ডাক ও পরিষেবা মাশুল। অনলাইন অর্ডারগুলি 24 ঘন্টার মধ্যে প্রক্রিয়া করা হয়। বিশদ তথ্যের জন্য http://www.nyc.gov/doh দেখুন বা 311 নম্বরে ফোন করুন।

- যুক্তরাষ্ট্রের অন্যত্র জন্ম: কাউন্টি ক্লার্ক বা গুরুত্বপূর্ণ রেকর্ডের স্টেট অফিসের কাছে সার্টিফিকেটের জন্য অনুরোধ করা যায়। আপনার স্টেটের গুরুত্বপূর্ণ রেকর্ডের অফিস খুঁজে পেতে, অনুগ্রহ করে http://www.cdc.gov/nchs/w2w.htm দেখুন অথবা আপনার স্থানীয় লাইব্রেরিতে সহায়তা চান।

সোশ্যাল সিকিউরিটি কার্ড
প্রক্রিয়াকরণের সময়: 2 থেকে 6 সপ্তাহ | মূল্য: বিনামূল্য

- আপনার স্থানীয় সোশ্যাল সিকিউরিটি অফিস এবং/অথবা কার্ড সেন্টার থেকে একটি আবেদনপত্র নিন। আপনার স্থানীয় অফিস খুঁজে পেতে 1-800-772-1213 নম্বরে ফোন করুন অথবা http://www.ssa.gov/cardcenters/cardcenterinfo.html এ যান।

নিউ ইয়র্ক চালকের লাইসেন্স বা ছবি সহ আইডি
প্রক্রিয়াকরণের সময়: 2 থেকে 4 সপ্তাহ | মূল্য: $10–$80

- চালকের লাইসেন্স বা নন-ড্রাইভার ছবি সহ আইডির জন্য স্টেটের মোটর যান বিভাগ (NY State Department of Motor Vehicles) এর কাছে আবেদন করুন। বিশদ তথ্যের জন্য www.dmv.ny.gov/license.html দেখুন, http://www.dmv.ny.gov/offices.htm এ আপনার স্থানীয় শাখা খুঁজুন, অথবা তথ্যের জন্য 1-212-645-5550 বা 1-718-966-6155 নম্বরে ফোন করুন।

IDNYC: নিউ ইয়র্ক সিটি মিউনিসিপ্যাল আইডি
- IDNYC হল নিউ ইয়র্ক সিটির সব বাসিন্দাদের জন্য বিনামূল্যের পরিচয়পত্র। অনলাইনে আপনার আবেদনটি শুরু করতে www.nyc.gov/idnyc এ যান বা 311 নম্বরে ফোন করুন।

## আমি কোথায় ফটোকপি তৈরি করতে পারি?

- ব্রুকলিন পাব্লিক লাইব্রেরি 311 নম্বরে ফোন করুন বা www.brooklynpubliclibrary.org দেখুন
- ব্রংক্স, ম্যানহাটান ও স্ট্যাটেন আইল্যান্ড শাখাগুলির জন্য নিউ ইয়র্ক পাব্লিক লাইব্রেরি 311 নম্বরে ফোন করুন বা www.nypl.org দেখুন
- ক্যুইন্স পাব্লিক লাইব্রেরি 311 নম্বরে ফোন করুন বা www.queenslibrary.org দেখুন
- আপনার স্থানীয় কমিউনিটি বোর্ড অফিস 311 নম্বরে ফোন করুন
- কপি ও প্রিন্টের দোকান

# আয়ের নথিপত্র

আপনার পরিবারের বার্ষিক আয় হল আপনার সঙ্গে বসবাসরত 18 বছরের বেশি বয়সী প্রত্যেকের উপার্জিত “মোট অর্থরাশি”। “মোট অর্থরাশি” বলতে বোঝায় আপনার নিয়োগকর্তা কর কেটে নেওয়ার আগে আপনাকে যে অর্থ প্রদান করেছিলেন। আপনি যে বেতন বাড়ি নিয়ে যান তার চেয়ে আপনার মোট আয় সাধারণত বেশি হয়। (দ্রষ্টব্য: আপনি যদি স্বনিযুক্ত হন, তাহলে অর্থ কেটে নেওয়ার পরে আপনার নীট আয় জানান।)

আপনার পক্ষে যথাসম্ভব বেশি নথিপত্র সংগ্রহ করুন। IRS অনুসারে নিচের নথিগুলি আয়ের গ্রহণযোগ্য প্রমাণ। 18 বছরের বেশি বয়সী পরিবারের প্রত্যেক সদস্যের জন্য আয়ের নথিপত্র দিন।

আপনার কি এই নথিপত্রগুলি আছে?

**এই সব নথিপত্রগুলি প্রয়োজন কেন?**

আপনার পরিবার নিয়মিত কর্মসংস্থান ও অন্যান্য আয়ের উৎসগুলি থেকে মোট যে বার্ষিক অর্থ আয় করে তা সুনিশ্চিত করা ও হিসাব করার জন্য HPD ও HDC-এর এই সব নথিপত্রগুলি প্রয়োজন।

## পরিবারের কর্মসংস্থান থেকে আয়

আপনার পরিবারের কেউ কি বেতন বা ঘন্টা প্রতি পারিশ্রমিক পান? নির্মাতা আপনাকে বলবেন যে কী কী নথিপত্র প্রয়োজন। সাধারণত আপনাকে পরিবারের প্রত্যেক সদস্যের জন্য নিম্নলিখিতগুলি নিয়ে আসতে বলা হবে।

- ☐ শেষ ছয়টি (6) সবচেয়ে সাম্প্রতিক পরপর পে স্টাবের প্রতিলিপি
- ☐ গত বছরের W-2 ফর্মগুলির প্রতিলিপি (সবগুলি পাতা)
- ☐ গত বছরের স্বাক্ষরিত ও সম্পূর্ণ করা ফেডারাল ও স্টেট ট্যাক্স রিটার্নের প্রতিলিপি
- ☐ নগদ অর্থপ্রদানের প্রমাণ (নিয়োগকর্তাদের থেকে নোটারিকৃত চিঠি)
- ☐ নগদ জমার প্রমাণের ব্যাঙ্ক স্টেটমেন্ট

আপনার পরিবারের কেউ কি স্বনিযুক্ত? পরিবারের প্রত্যেক স্বনিযুক্ত সদস্যের জন্য এগুলির প্রতিলিপি দিন:

- ☐ গত 3 বছরের স্বাক্ষরিত ফর্ম 1040 এর প্রতিলিপি, শিডিউল C, E বা F সহ
- ☐ গত 3 বছরের সব 1099-গুলির প্রতিলিপি
- ☐ 3 বছরের স্টেট ট্যাক্স রিটার্নগুলির প্রতিলিপি

## অন্যান্য উৎস থেকে পারিবারিক আয়

আপনার পাওয়া সব অর্থের সম্বন্ধে আপনাকে অবশ্যই নথিপত্র দেখাতে হবে, এমন কি তা যদি চাকরি থেকে না পান তাহলেও। নির্মাতা আপনাকে বলবেন যে কী কী নথিপত্র প্রয়োজন। সাধারণত আপনাকে পরিবারের প্রত্যেক সদস্যের জন্য নিম্নলিখিতগুলি নিয়ে আসতে বলা হবে।

আপনি কি নিচে তালিকাভুক্ত সুবিধা বা আয় পান? এগুলির জন্য কাগজপত্রের প্রতিলিপি:

- ☐ সবচেয়ে সাম্প্রতিক ক্যালেন্ডার বছরের জন্য সোশ্যাল সিকিউরিটি প্রদানের চিঠি(গুলি) (যার তারিখ 30 দিনের কম আগের)
- ☐ ভেটেরান্স বেনিফিট (বার্ষিক কাগজপত্র)
- ☐ ভাড়ার সম্পত্তিগুলি থেকে আয়
- ☐ সরকারী সহায়তা বাজেটের চিঠি
- ☐ আর্মড ফোর্সেস রিজার্ভ

আপনি কি ডিভিডেন্ড এবং/অথবা অ্যানুইটি পান?

- ☐ প্রদানকারী প্রতিষ্ঠান(গুলি) থেকে বিবৃতির প্রতিলিপি

আপনি কি বৃত্তি এবং/অথবা অনুদানের অর্থ পান?

- ☐ তারিখ সহ প্রদানের চিঠির প্রতিলিপি

আপনি কি খোরপোশ এবং/অথবা চাইল্ড সাপোর্ট পান? এর প্রতিলিপিগুলি দিন:

- ☐ আলাদা হওয়া বা নিষ্পত্তির চুক্তির প্রতিলিপি, যেখানে সহায়তা ও অর্থপ্রদানের সূচির পরিমাণ ও ধরনের উল্লেখ থাকতে হবে
- ☐ যে কোনো অফিসিয়াল বিবৃতি বা প্রিন্ট-আউটের প্রতিলিপি (যার তারিখ গত 120 দিনের মধ্যে হতে হবে এবং কার্যকলাপ ও পরিমাণগুলি দেয়া থাকবে), অথবা নোটারিকৃত হলফনামা।

অক্ষমতা বিমা, কর্মীদের ক্ষতিপূরণ এবং/অথবা চাকরি বিচ্ছেদের পেমেন্ট?

- ☐ শেষ ছয়টি (6) পরপর বর্তমান পে স্টাবের প্রতিলিপি বা একটি যথার্থতা প্রতিপাদনকারী চিঠি

আপনি কি বারবার অনুদান এবং/অথবা উপহার পান? আপনি কি অন্যান্য ধরনের পর্যাবৃত্ত আয় পান?

- ☐ সহায়তা প্রদানকারী ব্যক্তির দ্বারা নোটারিকৃত স্টেটমেন্ট এবং/অথবা ব্যক্তির দ্বারা স্বাক্ষরিত হলফনামা, এর অন্তর্ভুক্ত হল আয়ের উদ্দেশ্য, উপহারের(গুলির) তারিখ ও মূল্য, এবং কত ঘন ঘন উপহার দেওয়া হয় (সাপ্তাহিক, মাসিক, বার্ষিক)।
- ☐ এই অর্থগুলি পাওয়ার প্রমাণস্বরূপ ব্যাংক স্টেটমেন্টগুলি

# যোগ্যতা সংক্রান্ত সমস্যা

আপনার অতীতের বাড়িওয়ালা বা দেনা নিয়ে আপনার যে সব সমস্যা হয়েছিল সেগুলি আপনাকে লিপিবদ্ধ করতে হবে। এমন কি এই নথিপত্রগুলি থাকা সত্ত্বেও কোনো গ্যারান্টি নেই যে আপনি একটি অ্যাপার্টমেন্টের জন্য যোগ্য হবেন। এরপরেও আপনার আবেদন প্রত্যাখ্যান করা হতে পারে, এমন কি যথাযথ কাগজপত্র থাকা সত্ত্বেও।

---

## অতীতের বাড়িওয়ালা নিয়ে সমস্যা

কোনো বাড়িওয়ালা কি কখনও কোনো কারণে আপনার বিরুদ্ধে আইনি পদক্ষেপ নিয়েছিলেন? যদি হ্যাঁ হয়, এর প্রতিলিপিগুলি নিয়ে আসুন:

- ☐ সব আইনি চুক্তিপত্র
- ☐ যে কোনো চূড়ান্ত আইনি বিচারের রায়
- ☐ আদালতের কাছে জমা দেওয়া সন্তোষজনক নথি

---

## অতীতে দেনার সমস্যা

আপনার দেনার ইতিহাস কেমন?

যোগ্যতা সুনিশ্চিত করতে আপনাকে যদি একটি অ্যাপয়েন্টমেন্টের জন্য নির্বাচন করা হয়, তাহলে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াতে আপনার দেনা একটি বিবেচ্য বিষয় হতে পারে। শুধুমাত্র আপনার ক্রেডিট স্কোরের ভিত্তিতেই আপনাকে অযোগ্য ঘোষণা করা যায় না, তবে আপনার দেনার ইতিহাসের তথ্যাবলী গুরুত্বপূর্ণ। আপনার কাছে যদি আপনার দেনা সম্বন্ধীয় কোনো কাগজপত্র থাকে তাহলে আপনি হয়ত তা আগে থেকে সংগ্রহ করতে চাইবেন। উদাহরণ স্বরূপ:

- ☐ চিঠিপত্র যা দেনার সমস্যা বা দেনাগুলির নিষ্পত্তি দেখায়
- ☐ অর্থপ্রদত্ত লিয়েন বা বিচারের রায়ের সন্তুষ্টি
- ☐ কারেন্ট অ্যাকাউন্টের উদ্বৃত্তরাশি
- ☐ যে কোনো চূড়ান্ত আইনি বিচারের রায়

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে এই তথ্য প্রদান করলে, তা গ্যারান্টি দেয় না যে আপনি একটি অ্যাপার্টমেন্টের জন্য যোগ্য হবেন। আপনার ক্রেডিট রিপোর্টের একটি প্রতিলিপি বিনামূল্যে পেতে http://www.annualcreditreport.gov দেখুন।

নিউ ইয়র্কের বাসিন্দাদের জন্য বিনামূল্য আর্থিক ক্ষমতায়ন পরিষেবাগুলি পেতে 311 নম্বরে ফোন করুন বা nyc.gov/consumers দেখুন।

**আরো তথ্য পেতে বা অনলাইনে আবেদন করতে www.nyc.gov/housingconnect দেখুন।**

---



This document is for informational purposes only. This is not an application for affordable housing. Filling out this document does not guarantee that you will receive an affordable unit.